# রাজ টেক্সটাইল মাধ্যমিক বিদ্যালয়

## ‘খোদেজা আবু তাহের বৃত্তি নীতিমালা-২০২০’ এর সারমর্ম

**১। শিরোনাম এবং প্রবর্তন :**

(ক) এটি খোদেজা আবু তাহের বৃত্তি নীতিমালা-২০২০ নামে অভিহিত হবে।

(খ) এই সংশোধিত নীতিমালাটি ইং ২০২০ এর ১লা জানুয়ারী থেকে কার্যকর হবে।

**২। প্রয়োগ স্থান :** রাজ টেক্সটাইল সরকারী প্রাথমিক বিদ্যালয় ও রাজ টেক্সটাইল মাধ্যমিক বিদ্যালয়।

**৩। বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ :**

(ক) রাজ টেক্সটাইল স্কুল কর্তৃপক্ষকে বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ বোঝাবে। এবং স্কুলের বর্তমান সভাপতি জনাব সামসুল আলম স্যার বা ওয়ারেশগন প্রয়োজনীয় আর্থিক পৃষ্ঠপোষকতা প্রদান কারী হবেন বা করবেন।

**৪। বৃত্তির ক্ষেত্র :**

(ক) প্রাইমারীতে চতুর্থ ও পঞ্চম শ্রেণির ছাত্রী/ছাত্রীরা ও মাধ্যমিক পর্যায়ে প্রতিটি শ্রেণির ছাত্র/ছাত্রী বৃত্তি পাবে।

**৫। বৃত্তির ধরণ :**

(ক) **সহ-পাঠ্যক্রমিক বৃত্তি ঃ প্রতি শ্রেণিতে ০২ জন।**

(খ) **সেরা পাঠক বৃত্তি ঃ প্রতি শ্রেণিতে ০২ জন।**

(গ) **স্কাউট বৃত্তি ঃ প্রতি শ্রেণিতে ০১ জন।**

(ঘ) **‘স্টুডেন্ট অব দি ক্লাস বৃত্তি’ ঃ প্রতি শ্রেণিতে ০১ জন।**

(ঙ) **‘বিতর্ক ও লেখক বৃত্তি’ ঃ মাধ্যমিকের ০২ + ০২ = ০৪ জন।**

**৬। বৃত্তির আর্থিক পরিমাণ :**

(ক) বৃত্তিপ্রাপ্ত প্রতিটি শিক্ষার্থী {৫ এর (ক), (খ), (গ) ও (ঙ)} মাসিক ১০০ টাকা করে ১২ মাসে (১২×১০০) = ১২০০/= টাকা নগদ/সম পরিমান অর্থের অন্য কোন সুবিধা বছরান্তে পাবে। ৩৯ জন শিক্ষার্থী বছরে ৪৬,৮০০ (ছেচল্লিশ হাজার আটশত টাকা) আর্থিক সুবিধা পাবে।

(খ) শুধুমাত্র ‘স্টুডেন্ট অব দি ক্লাস বৃত্তি’ বৃত্তিপ্রাপ্ত প্রতিটি শিক্ষার্থী [৫ এর (ঘ)] মাসিক ২৫০ টাকা করে ১২ মাসে (১২×২৫০) = ৩,০০০/= টাকা নগদ/সম পরিমান অর্থের অন্য কোন সুবিধা বছরান্তে পাবে। এখানে ০৭ জন বছরে ২১০০০ (একুশ হাজার টাকা) আর্থিক সুবিধা পাবে।

(খ) সনদপত্র সহ ও অন্যন্য সম্ভাব্য ব্যয় ২২০০ টাকা ।

**(গ) এই মোট সুবিধাভোগী ৪৬ জন এবং সর্বমোট ব্যয় ৭০,০০০ (সত্তর হাজার টাকা) মাত্র।**

**৭। বাস্তবায়ন :**

০৫ সদস্য বিশিষ্ঠ ”খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি”র ঃ

(ক) সভাপতি- মোসাঃ সুফিয়া খাতুন, প্রধান শিক্ষক।

(খ) সমন্বয়ক- শামীম আখতার শিমুল, সহকারি শিক্ষক।

(গ) সদস্য- মোঃ ফারুক হোসেন, সহকারি শিক্ষক।

(গ) সদস্য- শামিরা সারমিন, সহকারি শিক্ষক।

(গ) সদস্য- পদাধিকার বলে লাইব্রেরিয়ান এই কমিটির সদস্য হবেন।

**৮। নীতিমালা প্রণয়ন/সংশোধন/বৃত্তি স্থগিত :**

(ক) স্কুল কর্তৃপক্ষ এই বৃত্তির নাম, বিধি বা এর কোন অংশই পরিবর্তন করতে পারবে না। শুধুমাত্র বৃত্তির পরিমাণ/আর্থিক সুবিধা বৃদ্ধি করতে পারবে।

(খ) স্কুল কর্তৃপক্ষ এই বৃত্তির আর্থিক পৃষ্ঠপোষক বা তার ওয়ারেশগনের সাথে আলোচনা করে এই বৃত্তি প্রদান বা স্থগিতকরণ বা নীতিমালার সংশোধন আনতে পারবে।

(শামীম আখতার)
সমন্বয়ক
খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি

তাং-২৬/১০/২০২০

(মোসাঃ সুফিয়া খাতুন)
সভাপতি
খোদেজা আবু তাহের বৃত্তি বাস্তবায়ন কমিটি